



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/

তারিখ: ১৪/১২/২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে নানা কর্মসূচীর মধ্য দিয়ে বিন্দ্র শ্রদ্ধায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে। কর্মসূচীর মধ্যে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও কালো পতাকা উত্তোলন, সকাল ১০.৩০ টায় কালো ব্যাজ ধারণ ও শোক র্যালি, সকাল ১০.৪০ টায় বিশ্ববিদ্যালয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ ও সংক্ষিপ্ত আলোচনা এবং বাদ যোহর শহীদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

শহীদ মিনারে বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ শেষে এক সংক্ষিপ্ত ভাষণে মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী বলেন, শ্রদ্ধার সহিত আজ আমরা শহীদ বুদ্ধিজীবীদের স্মরণ করছি। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর পাকিস্তান হানাদার বাহিনী বাংলাদেশকে মেধা শূন্য করতে হীন চক্রান্ত করে এদেশের বুদ্ধিজীবীদের হত্যা করে। বুদ্ধিজীবীদের আত্মত্যাগ এবং অসংখ্য জানা-অজানা মানুষের আত্মত্যাগের বিনিময়ে আমরা একটি স্বাধীন দেশ পেয়েছি। আমরা সকল শহীদ বুদ্ধিজীবীর আত্মার মাগফেরাত কামনা করছি। তিনি আরও বলেন, একটি দেশের উন্নয়নের পিছনে বুদ্ধিজীবীরা সবচেয়ে বড় ভূমিকা পালন করেন। এখনো মেধাবী ও সাহসী বুদ্ধিজীবীদের নিশ্চিহ্ন করার জন্য চক্রান্ত চলছে। আমরা এর প্রতি ঘৃণা জানাচ্ছি।

প্রবৃ্তর প্রফেসর ড. মোঃ আবদুল হাকিম বলেন, আজকে ১৪ ডিসেম্বর সকল শহীদ বুদ্ধিজীবীদের স্মরণ করছি। এখনো বুদ্ধিজীবীদের শহীদ করা হচ্ছে। আমরা কোন খুনি বা সন্ত্রাসীদের বিচার করতে গেলে আমাদের একপাশ থেকে আরেকপাশে দৌড়াতে হয়। আসল খুনিদেরকে ধরা যায় না। আমি অনুরোধ করবো জুলাই ২৪ যে আন্দোলন হয়েছে তা যেন সফল হয়। আমি সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করছি।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি